

## 📖 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدٍ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

আকস্মিক যুদ্ধাবস্থা মোকাবেলার প্রস্তুতি (إِسْتِعْدَادُ الْمُسْلِمِينَ لِلطَّوَارِئِ):

এরপর মদীনায় সাধারণ সামরিক পরিস্থিতির সৃষ্টি হয়ে গেল। যে কোন আকস্মিক আক্রমণ প্রতিহত করার লক্ষ্যে জনগণ সদাসর্বদা রণসাজে সজ্জিত হয়ে থাকতে লাগলেন। এমনকি সালাতের সময়েও তাঁরা অস্ত্র-শস্ত্র সরিয়ে রাখতেন না।

এদিকে আনসারদের এক ক্ষুদ্র বাহিনী, যাদের মধ্যে সা'দ ইবনু মু'আয (রাঃ), উসাইয়েদ ইবনু হুযায়ের (রাঃ) এবং সা'দ ইবনু উবাদাহ (রাঃ) ছিলেন, এরা রাসূলুল্লাহ (ﷺ)-কে পাহারা দেয়ার কাজে নিয়োজিত হয়ে যান।

তাঁরা অস্ত্র-শস্ত্রে সজ্জিত অবস্থায় রাসূলুল্লাহ (ﷺ)-এর ঘরের দরজার উপর অবস্থান নিয়ে রাত্রি অতিবাহিত করতেন।

আরো কিছু সংখ্যক বাহিনী মদীনার বিভিন্ন প্রবেশ পথে নিয়োজিত হয়ে যান এ আশঙ্কায় যে, না জানি অসতর্ক অবস্থায় আকস্মিক কোন আক্রমণের শিকার হতে হয়।

অন্য কিছু সংখ্যক বাহিনী শত্রুদের গতিবিধি লক্ষ্য করার জন্যে গোয়েন্দাগিরির কাজ শুরু করে দেন।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=6232>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন